

শিক্ষাবর্ষের ৮ মাস কাটিয়া গেলেও-

রামগঞ্জ (লক্ষ্মীপুর) সংবাদ-
দাতা ॥ চলিত শিক্ষাবর্ষের ৮ মাস
অতিবাহিত হইলেও রামগঞ্জ, রাম-
গতি, রায়পুর, লক্ষ্মীপুর সদর চাট-
খিল, বেগমগঞ্জ ও কোম্পানীগঞ্জ
থানা এবং পাশু বর্তী চাঁদপুর
জেলার শাহরাস্তি, হাজীগঞ্জ, ফরিদু-
গঞ্জ ও হাইমচর এই ১১টি থানার
মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার
বহু ছাত্রছাত্রী এখনো বোর্ড
(৪র্থ পৃঃ ৩ঃ)

শিক্ষাবর্ষের

(৩য় পৃঃ পর)

কর্তৃক প্রকাশিত কৃষি শিক্ষাবই
পায় নাই।

উল্লিখিত থানাগুলির মাধ্যমিক
বিদ্যালয়ের ৬ষ্ঠ হইতে দশম শ্রেণী
পর্যন্ত ও মাদ্রাসায় ও দাখেল ৬ষ্ঠ
হইতে দাখেল দশম শ্রেণী পর্যন্ত
কৃষি শিক্ষা পাঠ্যপুস্তক আদৌ
পাওয়া যাইতেছে না।

প্রকাশ, পুস্তক প্রকাশনায় মনহর
গতি। কাগজের মূল্যবৃদ্ধি ও
চলতি বছর হইতে মাদ্রাসায়
বাধ্যতামূলক কৃষি শিক্ষা পুস্তক
পাঠসূচীর অন্তর্ভুক্ত করা হইলেও
সেই তুলনা পুস্তক ছাঁপা হয় নাই।
লাইব্রেরী মালিকগণ জ্ঞানান,
তাহারা চাকায় লোক পাঠাইয়া
পুস্তক যোগাড় করিতে পারেন না।